

## 🗏 আল-হাক্কাহ | Al-Haqqa | ٱلْحَاقَّة

আয়াতঃ ৬৯:১৩

### 💵 আরবি মূল আয়াত:

# فَإِذَا نُفِخَ فِي الصُّورِ نَفخَةٌ وَّاحِدَةٌ ﴿١٣﴾

#### 

অতঃপর যখন শিংগায় ফুঁক দেয়া হবে- একটি মাত্র ফুঁক। — আল-বায়ান অতঃপর যখন সিঙ্গায় ফুঁৎকার দেয়া হবে- মাত্র একটি ফুঁৎকার। — তাইসিরুল যখন শিঙ্গায় ফুৎকার দেয়া হবে, একটি মাত্র ফুৎকার, — মুজিবুর রহমান

Then when the Horn is blown with one blast — Sahih International

#### ১৩. অতঃপর যখন শিংগায়(১) ফুঁক দেয়া হবে—একটি মাত্র ফুঁক(২),

- (১) হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করা হলো যে, ত্রুত কী? জবাবে তিনি বললেন, "শিং এর আকারে কোন বস্তুকে বলা হয় যাতে ফুক দেয়া হবে।" [তিরমিযী: ২৪৩০, আবু দাউদ: ৪৭৪২]
- (২) পবিত্র কুরআনের কোথাও কোথাও এ দুই শিঙ্গায় ফুঁক দেয়ার কথা ভিন্নভাবে উল্লেখ করা হয়েছে। দ্বিতীয় ফুৎকারের সময় গোটা বিশ্ব-জাহানের লণ্ডভণ্ড হয়ে যাওয়ার যে অবস্থা সূরা আল-হাজ্জের ১ ও ২ আয়াতে, সূরা ইয়াসীনের ৪৯ ও ৫০ আয়াতে এবং সূরা আত-তাকভীরের ১ থেকে ৬ পর্যন্ত আয়াতে বর্ণিত হয়েছে তা তাদের চোখের সামনে ঘটতে থাকবে। পক্ষান্তরে সূরা ত্বা-হার ১০২ থেকে ১১২ আয়াত, সূরা আল আম্বিয়ার ১০১ থেকে ১০৩ আয়াত, সূরা ইয়াসীনের ৫১ থেকে ৫৩ আয়াত এবং সূরা কাফ এর ২০ থেকে ২২ আয়াতে শুধু শিংগায় দ্বিতীয়বার ফুৎকারের কথা উল্লেখিত হয়েছে।

তাফসীরে জাকারিয়া

#### (১৩) যখন শিংগায় ফুৎকার দেওয়া হবে একটি মাত্র ফুৎকার। [1]

[1] মিথ্যাবাদীদের পরিণাম উল্লেখ করার পর এখন বলা হচ্ছে যে, এই (الْكَاقَّةُ) 'অবশ্যস্ভাবী ঘটনা' (কিয়ামত) কিভাবে সংঘটিত হবে। ইস্রাফীল (আঃ)-এর এক ফুৎকারে তা সংঘটিত হয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন